



## জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

সেক্টর- ৮, প্লট- ৫/এ, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০  
bpi.gov.bd



বিষয় : বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর শুদ্ধাচার বিষয়ক সভার কার্যবিবরণী।


- সভাপতি : এ কে মহিউদ্দিন আহমদ, মহাপরিচালক, বিপিআই।
- সভার তারিখ : ১৮/১১/২০২০।
- সভার সময় : বিকাল ০৩.০০ ঘটিকা।
- স্থান : বিপিআই-এর সম্মেলন কক্ষ।
- উপস্থিতি : (১) জনাব মাহবুবা ফারজানা, পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বিপিআই।  
(২) জনাব মো: সামসুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট), বিপিআই।  
(৩) জনাব মো: সাহিদুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা), বিপিআই।  
(৪) জনাব মো: হারুন-অর-রশীদ, সহকারী পরিচালক (প্রশাসন শাখা), বিপিআই।  
(৫) জনাব মো: নুরে আলম শিকদার, সহকারী পরিচালক (ভান্ডার শাখা), বিপিআই।

সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনীর প্রয়োজন আছে কি না তা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান সংশোধনের প্রয়োজন নাই। তাছাড়া বিগত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে মর্মে জানানো হয়।	সিদ্ধান্ত : কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	উপপরিচালক
২।	চলতি ২০২০-২০২১ অর্থ বছরের ২য় কোয়ার্টারের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	সিদ্ধান্ত : অংশীজনের অংশগ্রহণে আগামী ২৩/১২/২০২০ তারিখে সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)। ৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)। ৪। সহকারী পরিচালক (ভান্ডার শাখা)।
৩।	বিপিআই-এর অধীন কর্মকর্তা কর্মচারীদের অংশগ্রহণে চাকুরী সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	সিদ্ধান্ত: কর্মকর্তা কর্মচারীদের অংশগ্রহণে ৩য় কোয়ার্টারের মধ্যে বিপিআই-এর অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)।

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪।	প্রশিক্ষণার্থীদের মধ্যে শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক হিসেবে বিপিআই এর অনলাইন প্রশিক্ষণ গাইড লাইন প্রণয়নের বিষয়ে আলোচনা করা হয়। সভায় উপপরিচালক জানান, ইতোমধ্যে অনলাইন প্রশিক্ষণ গাইড লাইনের খসড়া প্রণয়ন করা হয়েছে।	সিদ্ধান্ত : ডিসেম্বর, ২০ মাসের মধ্যে অনলাইন প্রশিক্ষণ গাইড লাইন চূড়ান্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
৫।	কোভিড-১৯ এর ২য় ওয়েভের ঝুঁকি থেকে সতর্ক থাকার বিষয়ে আলোচনা করা হয়।	সিদ্ধান্ত : কোভিড-১৯ এর ২য় ওয়েভের ঝুঁকি থেকে সতর্ক থাকার বিষয়ে নোটিশ জারি করে বিপিআই-এর নোটিশ বোর্ডে প্রদর্শনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)।


২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (এ কে মহিউদ্দিন আহমদ)  
 মহাপরিচালক  
 ফোন: ৮৯৩৩৩৩৪

নং-২৮.০৪.০০০০.০০৩.২১.০০৩.১৯-৪৭৮

তারিখ : ২২ নভেম্বর, ২০২০  
০৭ অগ্রহায়ণ, ১৪২৭

- ১। সিনিয়র সচিব  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।  
[দৃষ্টি আকর্ষণ : যুগ্ম সচিব (প্রশাসন)]
- ২। জনাব মাহবুবা ফারজানা, পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
- ৩। জনাব মো: সামসুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
- ৪। জনাব মো: সাহিদুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
- ৫। জনাব মো: হাবুন-অর-রশীদ, সহকারী পরিচালক (প্রশাসন শাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
- ৬। জনাব মো: নুরে আলম শিকদার, সহকারী পরিচালক (ভান্ডার শাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

  
 ২২.১১.২০২০  
 (এ কে মহিউদ্দিন আহমদ)  
 মহাপরিচালক